


ସୁମାତ୍ରା

যবিপ্রবি ছাত্রলীগের কমিটি বিলুপ্ত

প্রকাশ : ০২ নভেম্বর ২০১৯, ০২:৫৫ | অনলাইন সংস্করণ



যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের কমিটি বিলুপ্ত করা হয়েছে।

যশোর বিজ্ঞান ও
প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (স্বাস্থ্যবিপ্রবি) ছাত্রিগের
কমিটি বিলুপ্ত করা
হয়েছে।

শুক্রবার কেন্দ্রীয়
কমিটির সভায় এই
সিদ্ধান্ত নেয়া হয়েছে।

ছাত্রলীগের ভারপ্রাপ্ত
সভাপতি আল নাহিয়ান
খান জয় ও ভারপ্রাপ্ত
সাধারণ সম্পাদক
লেখক ভট্টাচার্য
স্বাক্ষরিত এক বিবৃতিতে
এই তথ্য জানানো
হয়েছে।

একইসঙ্গে ১০
 নভেম্বরের মধ্যে পদ
 প্রত্যাশীদের সংগঠনের
 দফতর সেলে
 বায়োডাটা জমা দিতে
 বলা হয়েছে।

জানা গেছে, ২০১৪ সালের ১৬ মে বাংলাদেশ ছাত্রলীগের তৎকালীন সভাপতি বদিউজ্জামান সোহাগ ও সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলমের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে সুরত বিশ্বাসকে সভাপতি ও এসএম শামীম হাসানকে সাধারণ সম্পাদক করে এক বছরমেয়াদি ঘবিপ্রবি ছাত্রলীগের ৫৪ সদস্যবিশিষ্ট কমিটি ঘোষণা করা হয়। চার বছর আগে সেই কমিটি মেয়াদোত্তীর্ণ হয়েছে।

এরমধ্যে প্রায় এক বছর ধরে ক্যাম্পাসে নেই সভাপতি সুরত বিশ্বাস। তার কর্মীদের অভিযোগ, তিনি ক্যাম্পাসে আসেন না। এমনকি কর্মীদের ফোনও ধরেন না।

তবে সুরত বিশ্বাসের দাবি, মাঝে মাঝে ক্যাম্পাসে যান তিনি।

অপরদিকে ২০১৭ সালের ৫ অক্টোবর শহীদ মশিয়ুর রহমান হলে ডাকাতির ঘটনা ঘটে। এ ঘটনার পর সম্পাদক এসএম শামীম হাসান আর ক্যাম্পাসে ঢুকতে পারেননি।

সংশ্লিষ্ট অনেকে জানান, কমিটির অধিকাংশ নেতা বিবাহিত ও চাকরিজীবী। তারা ক্যাম্পাসে নেই। অল্প সংখ্য নেতা সক্রিয় আছে। এতে নেতৃত্ব সংকট দেখা দিয়েছে।

এদিকে নতুন কমিটি না হওয়ায় হতাশ ছিল ছাত্রলীগের রাজপথের সক্রিয় নেতাকর্মীরা। কমিটি বিলুপ্ত হওয়ায় খুশি পদপ্রত্যাশী নেতা ও তাদের সমর্থকরা।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।